

স/উ নিয়ন্ত্রক
০/৩/১৯



পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

জরুরী ই-মেইল বার্তা

স্মারক নং-জাতীয় বিঃ/পনি/অনর্স ২য় বর্ষ/২০১৯/৯৮২৮

তারিখ : ১৯ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ
০৩ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

প্রেরক : পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

প্রাপক: জেলা প্রশাসক
সকল

দৃষ্টি আকর্ষণ: সকল সিনিয়র জেল সুপার/জেল সুপার, সংশ্লিষ্ট সকল জেলা কারাগার

বিষয়: কারাগারে অভ্যন্তরীণ কয়েদীর পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

জেলা প্রশাসককে বর্ণিত কারাগার	
✓	আবুল কালাম আজাদ
	আবুল কালাম আজাদ
	আবুল কালাম আজাদ
	আবুল কালাম আজাদ
	আবুল কালাম আজাদ

04 NOV 2019

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের অনর্স ২য় বর্ষ পরীক্ষা আগামী ০৯/১১/২০১৯ তারিখ হতে শুরু হবে। আপনার জেলার কারাগারে ২০১৯ সালের অনর্স ২য় বর্ষ পরীক্ষায় কোন পরীক্ষার্থী অন্তরীণ থাকলে তার পরীক্ষা নিম্নলিখিত শর্ত সাপেক্ষে গ্রহণের জন্য সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহঃ

- ১। বিজ্ঞ আদালতের অনুমতি সাপেক্ষে পরীক্ষার্থীর পরীক্ষা জেলা সদরে অবস্থিত সরকারি কলেজ/মহিলা কলেজ কেন্দ্রের (পরীক্ষার্থীর প্রশ্নপত্র থাকা সাপেক্ষে) তত্ত্বাবধানে গ্রহণের ব্যবস্থা করতে হবে এবং অংশগ্রহণকারী পরীক্ষার্থীর তালিকা নিম্নস্বাক্ষরকারীর নিকট ডাকযোগে এনসিওরড (Ensured) পার্সেলে প্রেরণ করতে হবে।
- ২। পরীক্ষার্থী যে জেলা কারাগারে অন্তরীণ আছে সে জেলার তত্ত্বাবধানে পরীক্ষার ব্যবস্থা করতে হবে।
- ৩। পরীক্ষার সময়সূচী অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
- ৪। একজন অধ্যাপককে পরিদর্শকের কাজে নিয়োগ করতে হবে।
- ৫। পরীক্ষার দিনে পরীক্ষা শুরু হবার ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে নির্ধারিত পরিদর্শক উত্তরপত্র, প্রশ্নপত্র ও উপস্থিতিপত্র কারাগারে নিয়ে যাবেন এবং পরীক্ষা শেষে উত্তরপত্র ও আনুষঙ্গিক কাগজপত্র তত্ত্বাবধানকারী কেন্দ্রের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিবেন।
- ৬। পরীক্ষার যাবতীয় খরচ সংশ্লিষ্ট পরীক্ষার্থীকেই বহন করতে হবে।
- ৭। কারাগারে ব্যবহারিক পরীক্ষা নেয়া যাবে না।

আপনার সহযোগিতা কামনা করছি।

(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন- ৯২৯১০১৭

ই-মেইল: controller@nu.ac.bd

Web: www.nu.ac.bd

নূরুজ্জামান
জি.এ.এম.